# গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়
## গোপালগঞ্জ।

www.gopalganjpourashava.org

নম্বর- গোঃপৌঃ/সাঃ-৩৭২/২০২৪-২৫/ তারিখঃ

**গোপালগঞ্জ পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদন সহায়তা কমিটির ১০ নং সাধারন সভার কার্য-বিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | বিশ্বজিত কুমার পাল<br>প্রশাসক, গোপালগঞ্জ পৌরসভা। |
| স্থান | ঃ | পৌরসভা সম্মেলন কক্ষ। |
| তারিখ | ঃ | ২০ মে ২০২৫ ইং। |
| সময় | ঃ | দুপুর ২.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যদের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক" এবং কর্মকর্তা/কর্মচারীদের নাম পরিশিষ্ট "খ"তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এ.এইচ.এম. রকিবুল ইসলাম গত ২১ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত পৌর প্রশাসকের কর্মসম্পাদন সহায়তা কমিটির ৯ নং সভার কার্য-বিবরনী পাঠ করেন এবং সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতভাবে দৃঢ়করণ করা হয়।

| ক্রমিক | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | রাজস্ব পরিচালন ব্যয় অনুমোদন প্রসংগে | গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান গোপালগঞ্জ পৌরসভার ০১/০৪/২০২৫ হতে ৩০/০৪/২০২৫ তারিখ পর্যন্ত পৌরসভার পানি সরবরাহ ও সাধারন হিসাবের রাজস্ব খাতে নিম্নবর্ণিত মোট পরিচালন ব্যয় ১,৭৬,০২,৫১৮.৫০ টাকা এবং আয় বাবদ ১,২৯,৫৭,০৬২.০০ টাকা যা অনুমোদন করার প্রস্তাব রাখেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ব্যয়ের হিসাব পরিশিষ্ট "গ" তে দেখানো হলো। | বিস্তারিত আলোচনান্তে পৌরসভার নিয়মিত সেবা প্রদান ও জনসেবা কার্যক্রমের সাথে জড়িত থাকায় বিভিন্ন ধরনের যানবাহন মেরামত, জরুরী লিকেজ মেরামত ও আনুসঙ্গিক কার্যক্রম নিয়মিত রাজস্ব তহবিল হতে নিয়মিত পরিচালন ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় এবং এপ্রিল ২০২৫ মাসের পৌরসভার রাজস্ব খাতে ব্যয় বাবদ ১,৭৬,০২,৫১৮.৫০ টাকা এবং আয় বাবদ ১,২৯,৫৭,০৬২.০০ টাকা অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। রাজস্ব আয় বৃদ্ধিসহ বকেয়া রাজস্ব পাওনা আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা ও হিসাব রক্ষক গোপালগঞ্জ পৌরসভা |
| ০২ | বকেয়া পৌরকর আদায় প্রসংগে | গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান গোপালগঞ্জ পৌরসভার পৌরকরের ১২৭৫০ টি বিল প্রস্তুত করে জারী করা হয়েছে এবং মোট ৯৭৯২ টি হোল্ডিং এর বিপরীতে মোট ৫,৩৭,৭১,৪৮৫/- টাকা পৌর কর আদায় হয়েছে। বর্তমানে সরকারি বিভিন্ন সংস্থার নিকট ৩,৯৪,৩৩,৬৮৬/- টাকা এবং প্রাইভেট হোল্ডিং এর নিকট ১,৪৩,৩৭,৭৯৯/- টাকা পাওনা রয়েছে। যাহার তালিকা সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে পৌরসভার পৌরকরের বিপরীতে বকেয়া টাকা আদায়ের জন্য বিভিন্ন সংস্থার নিকট পত্র প্রেরণ এবং প্রাইভেট হোল্ডিং এর পৌরকরের বিল দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা ও কর আদায়কারী গোপালগঞ্জ পৌরসভা |
| ০৩ | স্থায়ী আমানত মুনাফাসহ আসল টাকা নবায়ন প্রসঙ্গে | গোপালগঞ্জ পৌরসভার হিসাব রক্ষক সভায় জানান গোপালগঞ্জ ন্যাশনাল ব্যাংকে মেয়র, গোপালগঞ্জ পৌরসভা নামে রক্ষিত ৫০,০০,০০০/- টাকা এফডিআর করা আছে। যার মেয়াদ ২০/৫/২০২৫ তারিখ উর্ত্তীন হয়েছে। উক্ত শাখা ব্যবস্থাপক প্রতিষ্ঠানের স্থায়ী আমানতটি নগদায়ন না করে মুনাফাসহ আসর টাকা বর্ধিত সুদ হারে আগামী ০১ বছরের জন্য পুনরায় নবায়ন করার লক্ষ্যে পত্র প্রেরণ করেছেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে পৌরসভার গোপালগঞ্জ ন্যাশনাল ব্যাংকে রক্ষিত জমাকৃত আমানত হিসাবে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা আগামী ৬ মাসের জন্য ১২% হারে নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা ও হিসাব রক্ষক গোপালগঞ্জ পৌরসভা |

চলমান পাতা ০২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | এফডি আর প্রসঙ্গে | গোপালগঞ্জ পৌরসভার হিসাব রক্ষক সভায় জানান গোপালগঞ্জ পৌরসভার রাজস্ব আয়ের কিছু অর্থ স্থায়ী আমানত হিসেবে মে ২০২৫ মাসে গোপালগঞ্জ অগ্রনী ব্যাংক পিএলসি শাখায় ১০.৭৫ % লাভে ৭০,০০,০০০/-, ৬০,০০,০০০/- এবং ৭৫,৬২,৪৬৪/- টাকা সর্বমোট ২,০৫,৬২,৪৬৪/- টাকা এবং জনতা ব্যাংকে ৭০,০০,০০০/-, ৭০,০০,০০০/- এবং ৫০,০০,০০০/- সর্বমোট ১,৯০,০০,০০০/- টাকা প্রশাসক, গোপালগঞ্জ পৌরসভা নামে এফডিআর করা হয়েছে। যার মেয়াদ মে/২০২৬ তারিখ উত্তীর্ন হবে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে পৌরসভার গোপালগঞ্জ রাজস্ব আয়ের অতিরিক্ত টাকা সরকারী মালিকানাধীন ব্যাংকে স্থায়ী আমানত হিসেবে রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা ও হিসাব রক্ষক গোপালগঞ্জ পৌরসভা |
| ০৫ | ড্রাম ট্রাক মেরামত | গোপালগঞ্জ পৌরসভার কঞ্জারভেন্সী ইন্সপেক্টর সভায় জানান, পৌরসভার ব্যবহৃত ৫টি ড্রাম ট্রাক পুরাতন ও অকেজো অবস্থায় রয়েছে। উক্ত ড্রাম ট্রাক মেরামত করা আবশ্যক। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে পৌরসভার গোপালগঞ্জ পৌরসভাধীন ৫টি ড্রামট্রাক মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজ বাস্তবায়নের ব্যয় রাজস্ব খাত হতে নির্বাহ করা হবে। | হিসাব রক্ষক ও কঞ্জারভেন্সী ইন্সপেক্টর |
| ০৬ | মশক নিধন প্রসঙ্গে | গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান গোপালগঞ্জ পৌর এলাকায় মশার উপদ্রব বেড়েছে। তাছাড়া বর্তমানে গ্রীষ্ম মৌসুম পৌর এলাকার ড্রেন সমুহে মশার ঔষধ ছিটানো আবশ্যক। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে পৌর এলাকায় ডেঙ্গু প্রতিরোধে পৌর এলাকার মধ্যে মশক নিধনের জন্য ৪০০ লিটার লার্ভিসাইড ও এড্যালডিসাইড ঔষধ ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা ও কঞ্জারভেন্সী ইন্সপেক্টর গোপালগঞ্জ পৌরসভা |
| ০৭ | ঈদগাহে প্যান্ডেল নির্মানের ব্যয় অনুমোদন প্রসংগে | গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান পবিত্র ঈদুল আযহা উদযাপন উপলক্ষে ঈদগাহে প্যান্ডেল নির্মানের বিভিন্ন কাজ বাস্তবায়ন করতে সর্বমোট ৪,০০,০০০/- টাকা খরচের প্রাক্কলন উপস্থাপন করেন যা অনুমোদন করা আবশ্যক। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। | এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে পবিত্র ঈদুল আযহা উদযাপন উপলক্ষে ঈদগাহে প্যান্ডেল নির্মানের বিভিন্ন কাজ বাস্তবায়ন করতে সর্বমোট ৪,০০,০০০/- টাকার প্রাক্কলন অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলী গোপালগঞ্জ পৌরসভা |
| ০৮ | পানির সংযোগের ক্ষেত্রে মিটার স্থাপন কাজ প্রসংগে | গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান গোপালগঞ্জ পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডে নতুন ভাবে পানির সংযোগ প্রদান করা হচ্ছে। উক্ত পানির সংযোগের ক্ষেত্রে আল্ট্রাসনিক (স্মার্ট) মিটার এবং মেকানিক্যাল মিটার স্থাপন করা আবশ্যক। | এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে আল্ট্রাসনিক (স্মার্ট) মিটার ক্রয় বাবদ ৬,০০,০০০/- টাকা কোটেশনের মাধ্যমে এবং মেকানিক্যাল মিটার ক্রয় বাবদ ৬,০০,০০০/- টাকা কোটেশনের মাধ্যমে কাজ বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজ ডিপিএম/কোটেশন এর মাধ্যমে মিটার স্থাপনের জন্য গ্রাহক কর্তৃক পানি সরবরাহ হিসাব খাতে জমাকৃত মূল্য হতে ব্যয় নির্বাহ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী গোপালগঞ্জ পৌরসভা |
| ০৯ | উন্নয়ন মূলক কর্মকান্ড প্রসংগে | ক) গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, গোপালগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ড রুমের পার্শ্বে এসপি অফিস থেকে ডিসি অফিস এর গ্যারেজ পর্যন্ত আরসিসি রাস্তা নির্মান করা আবশ্যক। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>খ) শিশুবন নতুন প্লান্টের বৈদ্যুতিক তার পরিবর্তন ও সার্কিট ব্রেকার সংগ্রহ ও স্থাপন কাজটি জরুরী ভিত্তিতে করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে গোপালগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ড রুমের পার্শ্বে এসপি অফিস থেকে ডিসি অফিস এর গ্যারেজ পর্যন্ত আরসিসি রাস্তা নির্মান কাজের ৩,৫৪,১১৫/- টাকার প্রাক্কলন অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজ কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করার এবং উন্নয়ন খাত (এডিপি) হতে ব্যয় নির্বাহ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে গোপালগঞ্জ শিশুবন নতুন প্লান্টের বৈদ্যুতিক তার পরিবর্তন ও সার্কিট ব্রেকার সংগ্রহ ও স্থাপন কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করার নিমিত্তে ৬,৩৮,৬৮৩/- টাকার প্রাক্কলনটি অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজ কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করার এবং পানি সরবরাহ খাত হতে ব্যয় নির্বাহ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী গোপালগঞ্জ পৌরসভা |

চলমান পাতা ০৩

| | | | | |
|---|---|---|---|---|
| | ডিসি পার্ক স্থাপন প্রসংগে | ক) গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক জরুরী ভিত্তিতে নির্মানাধীন ডিসি পার্কের জমি দখল সমযিয়ে নেওয়ার স্বার্থে গোপালগঞ্জ গেটপাড়া ডিসি পার্কের পূর্ব পার্শ্বের বাউন্ডারী ওয়াল নির্মান করা আবশ্যক। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>খ) গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান গোপালগঞ্জ ডিসি পার্ক স্থাপনের জন্য বিভিন্ন ধরনের কাজ বাস্তবায়নের জন্য প্রাক্কলম প্রস্তুত আবশ্যক। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। | এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে গোপালগঞ্জ গেটপাড়া ডিসি পার্কের পূর্ব পার্শ্বের বাউন্ডারী ওয়াল নির্মান কাজের ৪,৩৫,৮২০/- টাকার প্রাক্কলন অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজ জরুরী কাজ বিবেচনায় ডিপিএম এর মাধ্যমে বাস্তবায়ন করার এবং উন্নয়ন খাত (এডিপি) হতে ব্যয় নির্বাহ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে ডিসি পার্ক স্থাপনের জন্য বিভিন্ন খরচের ব্যয় এর প্রাক্কলন পরবর্তী সভায় উপস্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী গোপালগঞ্জ পৌরসভা |
| ১১ | পৌরসভার স্থায়ী আমানত বৃদ্ধির জন্য এফডিআর প্রসঙ্গে | গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান কর্মকর্তা/কর্মচারীদের নামে পিএফ এর টাকা স্ট্যান্ডার্ড ব্যাংকে এফডিআর হিসেবে জমা রয়েছে। উক্ত পিএফ এর সমুদয় টাকা সরকারি ব্যাংকে এফডিআর করার জন্য কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি কোন মতামত প্রদান করেন নাই বিধায় তাদেরকে এ ব্যাপারে আরো সময় বৃদ্ধি করার প্রস্তাব রাখেন। | এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে কর্মকর্তা /কর্মচারীদের নামে জমাকৃত পিএফ এর সমুদয় টাকা এফডিআর করার বিষয়ে মতামত প্রদানের জন্য উক্ত কমিটি আগামী ১০ দিনের মধ্যে মতামতসহ প্রতিবেদন দাখিল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষক গোপালগঞ্জ পৌরসভা |
| ১২ | এডিপি এর কাজ বাস্তবায়ন প্রসংগে | গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান গোপালগঞ্জ পৌরসভা এডিপি প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য মে ২০২৫ মাসের মধ্যে শেষ করার জন্য বিগত সভায় সিদ্ধান্ত গ্রহন করা হয়। উক্ত এডিপি প্রকল্পের কাজ এর ৫০% ভাগ সম্পন্ন হয়েছে বাকি কাজ চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে গোপালগঞ্জ পৌরসভা এডিপি প্রকল্পের কাজ আগামী জুন ২০২৫ মাসের ২০ তারিখের মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী গোপালগঞ্জ পৌরসভা |
| ১৩ | ঘোনাপাড়া মোড়ে একটি টাওয়ার লাইট স্থাপন কাজ | গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, গোপালগঞ্জ পৌরসভার ঘোনাপাড়া মোড়ে একটি হাইমাস্ট টাওয়ার লাইট স্থাপন করার জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। কোটেশন দরপত্র এর কাজ চলমান আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে ঘোনাপাড়া মোড়ে একটি হাইমাস্ট টাওয়ার লাইট স্থাপন কাজ আগামী জুন ২০২৫ মাসের ১৫ তারিখের মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী গোপালগঞ্জ পৌরসভা |
| ১৪ | প্লান বহির্ভূত ও অ-অনুমোদিত অবৈধ স্থাপনা উচ্ছেদ | গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সভায় জানান, পৌর এলাকার যে সকল স্থানে প্লান বর্হিভূতভাবে অবৈধভাবে নির্মান কাজ করছে তাহা অনতি বিলম্বে উচ্ছেদ করার কার্যক্রম গ্রহন করে তালিকা প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করা সিদ্ধান্ত ছিল। পবিত্র ঈদুল আযহা উদযাপন উপলক্ষে উক্ত কাজ চলমান রয়েছে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। | এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে গোপালগঞ্জ পৌরসভায় যে সকল এলাকায় অ-অনুমোদিত প্লানের নকশা বহির্ভূত ও অ-অনুমোদিত সকল স্থাপনা উচ্ছেদ করার কার্যক্রম গ্রহন করে তার তালিকা আগামী জুন ২০২৫ মাসের ২৫ তারিখের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী গোপালগঞ্জ পৌরসভা |
| ১৫ | গ্রামীন অবকাঠামো রক্ষণা বেক্ষন (টি.আর) এর প্রকল্প গ্রহণ | গোপালগঞ্জ পৌরসভার নির্বাহী প্রকৌশলী সাহেব সভায় আরো জানানন, গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) কর্মসূচীর ৩য় কিস্তির নগদ অর্থের বিপরীতে প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য অনুমোদনের নিমিত্তে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরন করা হয়েছে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত টি, আর কর্মসূচীর আওতায় বর্ণিত প্রকল্পগুলি অনুমোদন ও বাস্তাবায়ন সর্ম্পকিত তথ্য পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী গোপালগঞ্জ পৌরসভা |
| ১৬ | বিবিধ আলোচনা-১ টিসিবি কার্ড বিতরণ প্রসংগে | গোপালগঞ্জ পৌরসভার সমাজ উন্নয়ন কর্মকর্তা সভায় জানান বরাদ্দকৃত ৪০৩৪টি টিসিবি কার্ড এর মধ্যে এন্ট্রিকৃত কার্ড হচ্ছে ৪৫৪২টি এর মধ্যে প্রাপ্ত কার্ড ৩৩৮৪টি কার্ড প্রস্তুত করা হয়েছে। যা সংশ্লিষ্ট কার্ডধারীদের মধ্যে প্রদান করা আবশ্যক। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। | এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে আগামী ২৪, ২৫, এবং ২৬ মে ২০২৫ তারিখ যথাক্রমে ১-৫ নং ওয়ার্ড, ৬-১০ নং ওয়ার্ড এবং ১১-১৫ নং ওয়ার্ডে সংশ্লিষ্ট কার্ডধারীদের মধ্যে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া অতিরিক্ত কার্ড হাতে থাকলে পরবর্তীতে কার্ডধারীদের মাঝে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সমাজ উন্নয়ন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা |

চলমান পাতা ০৪

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | বিবিধ আলোচনা-২ ৩৩৬টি উপকারভোগী সিলেকশন করা প্রসঙ্গে | গোপালগঞ্জ পৌরসভার সমাজ উন্নয়ন কর্মকর্তা সভায় জানান গোপালগঞ্জ পৌরসভাধীন শ্মশান সংশ্লিষ্ট এলাকায় নির্মানাধীন ৩৩৬টি ফ্লাটের জন্য উপকারভোগী পরিবারের মধ্যে ৩১০টি পরিবার প্রাথমিক (খসড়া) তালিকা প্রস্তুত করা হয়েছে যা জনসাধারনের অবহিতকরণ ও অভিযোগ গ্রহনের জন্য প্রকাশ করা আবশ্যক। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। | এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে ৩১০টি পরিবার আবেদন সঠিক থাকায় প্রাথমিক (খসড়া) তালিকা জনসাধারনের অবহিতকরণ ও অভিযোগ গ্রহনের জন্য প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। অবশিষ্ট ২৬টি উপকার ভোগী পরিবার পুনরায় যাচাই বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সমাজ উন্নয়ন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা |
| ১৮ | বিবিধ আলোচনা-৩ অবৈধ ঘর উচ্ছেদ প্রসংগে | গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান পৌরসভার নিজস্ব মালিকানাধীন জায়গায় কতিপয় কর্মচারী অবৈধভাবে ঘর উত্তোলন করে বসবাস করছেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। | এব্যাপারে গতমাসের সিদ্ধান্তের পৌরসভার নিজস্ব মালিকানাধীন জায়গায় যে সকল কর্মচারী অবৈধভাবে ঘর উত্তোলন করেছেন তাদের তালিকা করে উচ্ছেদ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী প্রকৌশলী গোপালগঞ্জ পৌরসভা |
| ১৯ | বিবিধ আলোচনা-৪ খাস আদায় প্রসংগে | গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান পাঁচুড়িয়া মধুমতি সুপার মার্কেটে সংলগ্ন কাঁচাবাজার ইজারা খাস আদায় করার লক্ষ্যে খাস আদায় তদারকি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি খাস আদায়ের ব্যাপারে হাটবাজার ইজারা পদ্ধতি নীতিমালা অনুযায়ী এমএলএসএস, মোঃ রকিত আলী-কে দায়িত্ব প্রদানের বিষয়ে মতামত প্রদান করেছেন। | এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে এমএলএসএস, মো: রকিত আলী-কে পাঁচুড়িয়া মধুমতি সুপার মার্কেট সংলগ্ন কাঁচাবাজার ইজারা বাংলা ১৪৩২ সনের জন্য খাস আদায় করার লক্ষ্যে খাস আদায়ের তদারকি কমিটির সুপারিশের ভিত্তিতে এমএলএসএস, মোঃ রকিত আলী-কে দায়িত্ব প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভায় অবগত করানো হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা ও হিসাব রক্ষক |
| ২০ | দোকান বরাদ্দের জামানত ফেরৎ প্রসংগে | গোপালগঞ্জ পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান পাঁচুড়িয়া পৌর নিউ মার্কেট এর ২৩৫, ২০৭, ৩১৭, ৩১৯, ২৩৭ নং দোকান এবং লিফটের পকেট রুমের পশ্চিম পার্শ্বের জায়গার মালিকগন দোকান বরাদ্দ ছেড়ে দেওয়া এবং জমাকৃত জামানতের টাকা ফেরৎ চেয়ে আবেদন করেছেন। তিনি আবেদন গুলো সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। | এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে পৌরসভার পাঁচুড়িয়া পৌর নিউ মার্কেট এর ২৩৫, ২০৭, ৩১৭, ৩১৯, ২৩৭ নং দোকান এবং লিফটের পকেট রুমের পশ্চিম পার্শ্বের জায়গার মালিকগনের জমাকৃত জামানতের টাকা পাবলিক মার্কেট বরাদ্দ নীতিমালা ২০০৩ অনুযায়ী পৌরসভার অনুকুলে পাওনা টাকা কর্তন পূর্বক ফেরৎ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা ও আদায়কারী বাজার শাখা |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২১/০৫/২০২৫
বিশ্বজিত কুমার পাল
প্রশাসক
গোপালগঞ্জ পৌরসভা

নম্বর- গো:পৌ:/সা-৪১(৩)/২০২৪-২০২৫/২৮০১/২০( )
তারিখ : ২১/৫/২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, নগর ভবন, ফিনিক্স রোড, ঢাকা-১০০০।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা
৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।

অনুলিপিঃ জ্ঞাতার্থে কার্যার্থেঃ

৫-১৩। ........................................ সদস্য, প্রশাসকের কর্মসম্পাদন কমিটি, গোপালগঞ্জ পৌরসভা।
১৪। পৌর নির্বাহী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।
১৫। নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা
১৬-১৯। ---------------------------------------------, গোপালগঞ্জ পৌরসভা।
২০। জনাব শাহ মোঃ রওশন হাবীব, হিসাব সহকারী, গোপালগঞ্জ পৌরসভা।
তাকে পৌর পরিষদের সভার কার্যবিবরনী ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো।

২১/০৫/২০২৫
প্রশাসক
গোপালগঞ্জ পৌরসভা।
E-mail : gopalganjpourashava72@gmail.com

**পরিশিষ্ট "ক"**

| | | | |
|---|---|---|---|
| ১। | স্বাক্ষরিত | আঃ কাদের সরদার | উপ পরিচালক, কৃষি সম্প্রসারন অফিস, গোপালগঞ্জ |
| ২। | স্বাক্ষরিত | মোঃ রুহুল আমীন | জেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ |
| ৩। | স্বাক্ষরিত | মোঃ ফয়েজ আহমেদ | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর , গোপালগঞ্জ |
| ৪। | স্বাক্ষরিত | মোসাঃ জ্যোৎস্না খাতুন | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ |
| ৫। | স্বাক্ষরিত | ডাঃ আবু সাইদ মোহাম্মদ ফারুক | সিভিল সার্জন, গোপালগঞ্জ |

**পরিশিষ্ট "খ"**

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ১। | এ.এইচ.এম রকিবুল ইসলাম | পৌর নির্বাহী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা |
| ২। | মেহেদী হাসান | নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ পৌরসভা |
| ৩। | মোঃ জুল ফিকার আলী মোল্লা | সমাজ উন্নয়ন কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা |
| ৪। | সুমন্ত কুমার বিশ্বাস | হিসাব রক্ষক, গোপালগঞ্জ পৌরসভা |

**পরিশিষ্ট "গ"**

## এপ্রিল'২৫ মাসের আয়-ব্যয় (খাত ওয়ারী)

## (সাধারন শাখা)

| ক্রমিক নম্বর | আয় | টাকার পরিমান | ক্রমিক নম্বর | ব্যয় | টাকার পরিমান |
|---|---|---|---|---|---|
| ১. | হোল্ডিং ট্যাক্স হতে আয় | ৫,৫৮,৫৫৩.০০ | ১. | বেতন ব্যয় | ৪২,৮৫,১৩৪.০০ |
| ২. | পাচুড়িয়া কাচাবাজার(খাসআদায়) | ১৭,১৩০.০০ | ২. | সম্মানীভাতা ব্যয় | ৭৪,০০০.০০ |
| ৩. | বাসটার্মিনাল ইজারা | ৪৮,৪৭,০০০.০০ | ৩. | পরিচ্ছন্নকর্মীদের মজুরী | ১১,৭৭,৯৭০.০০ |
| ৪. | ট্রেড লাইসেন্স ফি | ৩,০৮,৬৩৯.০০ | ৪. | চুক্তিভিত্তিক কর্মচারীর সম্মানী বাবদ ব্যয় | ৯০,৮০০.০০ |
| ৫. | ইজি বাইক লাইঃ ফি | ৫০,০০০.০০ | ৫. | উৎসব ভাতা (বৈশাখী) | ৩,৮৪,৫৭৮.০০ |
| ৬. | ভবন ভাড়া | ৪০,৩৯২.০০ | ৬. | কঞ্জারভেন্সী মালামাল ক্রয় | ২৪,৬০৪.০০ |
| ৭. | ফরম বিক্রি হতে আয় | ২৩,০০০.০০ | ৭. | জ্বালানী তেল ও গাড়ী মেরামত বাবদব্যয় | ২,১৫,০৮৩.০০ |
| ৮. | ইজারার সিডিউল বিক্রি হতে আয় | ৫৪,৪৮৫.০০ | ৮. | ষ্টেশনারী মালামাল ক্রয় | ৫,৪৬২.০০ |
| ৯. | পশু জবেহ ইজারা আংশিক আয় | ২,৩০০.০০ | ৯. | আপ্যায়ন ব্যয় | ৩২,৯১৭.০০ |
| ১০. | কমিউনিটি সেন্টার ভাড়া প্রাপ্তি | ১,৬০,০০০.০০ | ১০. | টেলিফোন বিল | ১,৩৪৬.০০ |
| ১১. | দোকান ভাড়া হতে আয় | ৮,৭২,১৮৭.০০ | ১১. | তথ্য প্রযুক্তির নেট বিল | ১২,৭৮০.০০ |
| ১২. | নির্মান ফি বাবদ আয় | ১৯,৯০৩.০০ | ১২. | লঞ্চ ঘাট লাইট স্থাপন | ৯,৯৯,৭৯২.০০ |
| ১৩. | অন লাইন জমা | ১৩,১৫০.০০ | ১৩. | ইপিআই | ৮,১০০.০০ |
| ১৪. | জমি পরিমাপ ফি | ৪,০০০.০০ | ১৪. | জাতীয় দিবস | ৫,৩৪,৮১৩.০০ |
| ১৫. | অন্যান্য জমা | ১১,৭৮০.০০ | ১৫. | বৈদ্যুতিক মালামাল | ১৬,৩৪৪.০০ |
| | | | ১৬. | বিজ্ঞাপন বিল বাবদ ব্যয় | ১৯,৪২৫.০০ |
| | | | ১৭. | অন্যান্য ব্যয় | ৩২,৪০৩.০০ |
| | | | ১৮. | ব্যাংক চার্জ | ৬৯.০০ |
| | মোট আয় | ৬৯,৮২,৫১৯.০০ | | মোট ব্যয় | ৭৯,১৫,৬২০.০০ |

চলমান পাতা ০৬

## পানি সরবরাহ শাখার এপ্রিল'২৫ মাসের আয়-ব্যয় (খাত ওয়ারী)

| ক্রমিক নম্বর | আয় | টাকার পরিমান | ক্রমিক নম্বর | ব্যয় | টাকার পরিমান |
|---|---|---|---|---|---|
| ১. | পানির বিল হতে আয় | ৫৯,৭৪,৫৪৩.০০ | ১. | বেতন ব্যয় | ১৬,২৯,৩৬৭.৫০ |
| | | | ২. | উৎসব ভাতা(বৈশাখী) | ১,৫০,৫৮৪.০০ |
| | | | ৩. | বিদ্যুৎ বিল প্রদান | ৭২,৭৮,১৪২.০০ |
| | | | ৪. | মটর মেরামত | ১,৩০,০৭৩.০০ |
| | | | ৫. | ব্লিচিং পাউডার ক্রয় | ৪,৯৮,৬১৭.০০ |
| | | | ৬. | ব্যাংক চার্জ | ১১৫.০০ |
| | মোট আয় | ৫৯,৭৪,৫৪৩.০০ | | মোট ব্যয় | ৯৬,৮৬,৮৯৮.৫০ |
| | | | | | |
| | সর্বমোট আয় | ১,২৯,৫৭,০৬২.০০ | | সর্বমোট ব্যয় | ১,৭৬,০২,৫১৮.৫০ |
| | | | | অতিরিক্ত ব্যয় | ৪৬,৪৫,৪৫৬.০০ |